গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রায়গঞ্জ, সিরাজগঞ্জ
raigonj.sirajganj.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৩.৮৮৬১.০০০.৩১.০০২.২৫-২২ তারিখ: ২০ পৌষ ১৪৩২ / ০৪ জানুয়ারি ২০২৬

## সরকারি পুকুর/জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ (সংশোধনীসহ) অনুযায়ী ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ শাখা এর ২৩ নভেম্বর ২০২৫ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০২৩.২৫-৭০৪ নং স্মারক পত্রের নির্দেশনা মোতাবেক রায়গঞ্জ উপজেলাধীন ২০ (বিশ) একর পর্যন্ত ৫৫ টি সরকারি খাস (বদ্ধ) জলমহালসমূহ শর্ত স্বাপেক্ষে বাংলা ১৪৩৩ সনের ১লা বৈশাখ তারিখ হতে ১৪৩৫ সনের ৩০ চৈত্র ০৩ (তিন) বছর মেয়াদে অনলাইন প্রক্রিয়ায় সমবায় অধিদপ্তর বা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী ও মৎস্যজীবী সংগঠনের নিকট হতে ভূমি মন্ত্রণালয়ের নির্ধারিত ওয়েবসাইট (www.land.gov.bd/www.jm.lams.gov.bd) থেকে আবেদনপত্র অনলাইনে নিম্ন বর্ণিত বর্ষপঞ্জিকা/সিডিউল নির্ধারিত তারিখ স্থান ও সময়ে দাখিলকৃত আবেদনের কপি ও জামানতের মুলকপি সিলগালা মুখবন্ধ খামে আহবান করা যাচ্ছে।

### বর্ষপঞ্জিকা/সিডিউল

| ক্রমিক নং | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ০১. | অনলাইনে আবেদন দাখিল শুরু ও শেষ। | ১৫ জানুয়ারি ২০২৬ (১লা মাঘ ১৪৩২) থেকে ২৯ জানুয়ারি ২০২৬ (১৫ মাঘ ১৪৩২) বঙ্গাব্দের মধ্যে |
| ০২. | তারিখ অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি সাধারন আবেদন ফরমের সাথে জামানতের মুলকপি/সিডি/বিডি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রায়গঞ্জ, সিরাজগঞ্জ এ দাখিল। | ০১ ফেব্রুয়ারি ২০২৬ হতে ০৩ ফেব্রুয়ারির মধ্যে (১৮ মাঘ হতে ২০ মাঘ ১৪৩২) ০৩ (তিন) কার্যদিবস। |
| ০৩. | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। | ৫ ফেব্রুয়ারি ২০২৬ (২২ মাঘ ১৪৩২) বঙ্গাব্দ থেকে ১১ ফেব্রুয়ারি ২০২৬ ( ২৮ মাঘ ১৪৩২) বঙ্গাব্দের মধ্যে |
| ০৪. | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন | ১২ ফেব্রুয়ারি ২০২৬ (২৯ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ থেকে ১৮ ফেব্রুয়ারি ২০২৬ ( ০৫ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দের মধ্যে |

বর্ষপঞ্জিকা/ সিডিউলের যেকোনো পর্যায়ে কোন জলমহালের আবেদন অনুমোদিত হলে, ইজারাযোগ্য জলমহালের তালিকা, তথ্যাদি শর্তসমূহ নিম্নস্বাক্ষরকারীর ওয়েবসাইট ও উপজেলা ভূমি অফিস, রায়গঞ্জ, সিরাজগঞ্জ এর ওয়েবসাইটে পাওয়া যাবে। কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনো আবেদনপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি সংরক্ষণ করে। জলমহাল ইজারা সংক্রান্ত যাবতীয় শর্তাবলী অফিস চলাকালীন সময়ে সহকারী কমিশনার(ভূমি) রায়গঞ্জ, সিরাজগঞ্জ এর কার্যালয় থেকে জানা যাবে।

সংযুক্তিঃ জলমহালের তালিকা ও শর্তাবলী।

০৪/০১/২০২৬
আবদুল খালেক পাটোয়ারী
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
রায়গঞ্জ, সিরাজগঞ্জ

স্মারক নম্বর: ০৫.৪৩.৮৮৬১.০০০.৩১.০০২.২৫-২২/১(১০) তারিখ: ২০ পৌষ ১৪৩২ / ০৪ জানুয়ারি ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যাথে প্রেরণ করা হলো-

১) জেলা প্রশাসক, সিরাজগঞ্জ
২) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সিরাজগঞ্জ
৩) প্রশাসক, উপজেলা পরিষদ, রায়গঞ্জ, সিরাজগঞ্জ
৪) অফিসার ইন-চার্জ, রায়গঞ্জ থানা, সিরাজগঞ্জ
৫) উপজেলা কৃষি/মৎস্য/সমবায়/সমাজসেবা/যুব উন্নয়ন/মহিলা বিষয়ক কর্মকর্তা, রায়গঞ্জ, সিরাজগঞ্জ
৬) চেয়ারম্যান/প্রশাসক .......................ইউনিয়ন পরিষদ (সকল), রায়গঞ্জ, সিরাজগঞ্জ(বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)
৭) জনাব .............................................................. রায়গঞ্জ, সিরাজগঞ্জ
৮) ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ............... (সকল), রায়গঞ্জ, সিরাজগঞ্জ সিরাজগঞ্জ (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধ সহ)
৯) বিজ্ঞাপন ম্যানেজার,...................(তাঁর পত্রিকায় বিজ্ঞপ্তিটি শুধুমাত্র ০১ (এক) দিনের জন্য প্রকাশের অনুরোধসহ
১০) অফিস কপি।

০৪/০১/২০২৬
মো: মাসুদ রানা
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
রায়গঞ্জ, সিরাজগঞ্জ

CamScanner

শর্তসমূহ

১. নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি ক্যালেন্ডার অনুযায়ী আবেদন দাখিলের নির্ধারিত তারিখ ও সময় পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রায়গঞ্জ ও সহকারী কমিশনার (ভূমি), রায়গঞ্জ, সিরাজগঞ্জ এর অফিস হতে (অফেরতযোগ্য) ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে আবেদন ফরম সংগ্রহ করা যাবে। যে সকল মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ এর জলমহাল ইজারার টাকা বকেয়া রয়েছে, সে সকল সমিতি বকেয়া টাকা পরিশোধ করেই সিডিউল সংগ্রহ করতে পারবেন।

২. উপজেলা সমবায়/সমাজ সেবা অফিসার কর্তৃক সমিতি কার্যকর রয়েছে মর্মে প্রত্যয়ন পত্র ও বিগত দুই বছরের অডিট রিপোর্ট (নতুন নিবন্ধনকৃত সমিতির ক্ষেত্রে প্রযোজ্য নয়) সংযুক্ত করতে হবে।

৩. আবেদন ফরম সংগ্রহের সময় প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির রেজিস্ট্রেশন/তালিকাভুক্তির মূল সনদ পত্র আনতে হবে। অন্যথায় আবেদন ফরম প্রদান করা যাবে না, করলে উহা বাতিল বলে গণ্য হবে।

৪. জলমহালের নিকটবর্তী তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতিগুলো বিধিতে প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে।

৫. কোন নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি না পাওয়া গেলে পুকুর/জলমহালের চারপার্শ্বের নিকটবর্তী অবস্থানে বসবাসরত বেকার যুবক, মুক্তিযোদ্ধার সন্তান, যুব মহিলা, বিধবা ও স্বামী পরিত্যাক্তা মহিলা, আনসার ভিডিপি ও গ্রাম পুলিশ সদস্য, দরিদ্র ও অস্বচ্ছল ব্যক্তির সমন্বয়ে গঠিত ও স্থানীয় সমবায় অফিস কিংবা সমাজ সেবা অফিস হতে নিবন্ধিত একক সমিতিকে জলমহাল/পুকুর ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদান করা যাবে।

৬. আবেদন পত্রের সাথে ইজারা মূল্যের ২০% তফশীলি ব্যাংক কর্তৃক প্রদত্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জলমহাল কমিটির সভাপতি উপজেলা নির্বাহী অফিসার, রায়গঞ্জ এর অনুকূলে জামানত হিসেবে প্রদান করতে হবে।

৭. আবেদন দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি তাদের সদস্যদের নামের তালিকা, (ঠিকানাসহ) রেজুলেশন, গঠনতন্ত্রের কপি, সমিতির নামে ব্যাংক একাউন্ট প্রত্যয়ণ পত্র ও ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট সংযুক্ত করতে হবে।

৮. ইজারা প্রাপ্ত মৎস্যজীবী সমবায় সমিতিকে ইজারার প্রথম বছরের সাকুল্য মূল্য, অতিরিক্ত ১৫% ভ্যাট ও ১০% আয়কর সিদ্ধান্ত গ্রহণের ০৭ (সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট কোডে জমা প্রদান করতে হবে।

৯. ইজারা গ্রহিতা কোন মৎস্যজীবী সমবায় সংগঠন/সমিতি কোন অবস্থাতেই সাব-লীজ অথবা অন্যকোন ব্যক্তি/গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবে না বা অন্যকোন উপায়ে শ্রেণী পরিবর্তন করে তা ব্যবহার করতে পারবেন না। যদি তা করে থাকে তাহলে উক্ত লীজ বাতিল করা হবে এবং জমাকৃত জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। উক্ত মৎস্যজীবী সমবায় সংগঠন/সমিতি পরবর্তী বছর কোনো জলমহাল ইজারা পাবে না।

১০. তথ্য গোপন করে অথবা ভুল তথ্য প্রদান করে জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রাপ্ত হলে জামানতের অর্থসহ জমাকৃত ইজারা মূল্য সরকারের অনুকূলে বাজয়াপ্ত হবে।

১১ কোন প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি দু'টির বেশী জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রাপ্ত হবেন না।

১২. সরেজমিনে জলমহাল/পুকুর পরিদর্শন করেই আবেদনকারী আবেদন ফরম ক্রয়/সংগ্রহ করেছেন মর্মে ধরে নেয়া হবে। পরবর্তীতে পুকুরের বাস্তব অবস্থা সংক্রান্ত কোনো ওজর আপত্তি গ্রহণ করা হবে না।

১৩. যে তারিখ হতেই ইজারা দেয়া হোক না কেন ইজারার মেয়াদ কোন ক্রমেই ৩০ চৈত্র অতিক্রান্ত হবে না এবং ১৫ চৈত্রের মধ্যে আগামী বছরের সরকারি পাওনা বিধি মোতাবেক পরিশোধ করতে হবে।

১৪. জলমহাল যিনি ইজারা পাবেন সে ইজারাদারকে নিম্ন স্বাক্ষরকারীর সাথে ৩০০/-টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র করতে হবে এবং সম্পাদিত চুক্তিনামার সকল শর্ত ইজারাদারকে মেনে চলতে বাধ্য থাকতে হবে। খামের উপর জলাশয়ের নাম, মৎস্যজীবী / মৎস্যজীবী সমিতি বা সংগঠনের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

১৫. অসম্পূর্ণ আবেদন পত্র কর্তৃপক্ষ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৬. সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত আইন, বিধি বিধান এবং ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ যে কোন সময়ে ইজারার বিষয়ে কোনো নতুন শর্ত আরোপ, সংযোজন এবং সংশোধন করার ক্ষমতা রাখেন।

০৪/০৩/২০২৬

আবদুল খালেক পাটোয়ারী
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
রায়গঞ্জ, সিরাজগঞ্জ

CamScanner